

৬৩.৩.৩.৩.৩

তারিখ:
 পৃষ্ঠা: ২

পোকান।
**বরগুনায় মাদ্রাসা ছাত্রের
 রহস্যজনক মৃত্যু**

বরগুনা প্রতিনিধি : বরগুনার নলী চরকগাছিয়া মাদ্রাসার ৮ম শ্রেণীর ছাত্র নাজমুল (১৫)-এর রহস্যজনক মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১৩ জুন) বরগুনা থানা পুলিশ নাজমুলের বাড়ির পেছনের বাগান থেকে তার ঝুলন্ত লাশ উদ্ধার করে। নাজমুলের বাবা-মা অভিযোগ করেন তার ছেলেকে মাদ্রাসা শিক্ষকরা পিটিয়ে হত্যা করেছে। ডাক্তারি পরীক্ষায় নির্যাতনের প্রমাণ পাওয়া গেছে।

বরগুনা সদর উপজেলার খাকমুনিয়া গ্রামের আঃ ছত্তারের ছেলে নাজমুল নলী চরকগাছিয়া মাদ্রাসা হোস্টেলে থেকে পড়াশোনা করতো। সে প্রতি বৃহস্পতিবার বাড়ি আসতো এবং শনিবার মাদ্রাসায় চলে যেতো। ৮ জুন নাজমুল মাদ্রাসায় যায়। বৃহস্পতিবার নাজমুলের ঝুলন্ত লাশ বাড়ির পেছনের বাগানে পাওয়া যায়। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।